

উপজেলা সমাজকল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :


সভাপতি	: জনাব মলিনা রানী রায়। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, আইগেলবাড়া, বরিশাল।
সভার স্থান	: উপজেলা সমাজসেবা অফিস কক্ষ, আইগেলবাড়া, বরিশাল।
তারিখ	: ২৬/০৬/২০২২ খ্রি।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	: পরিশিষ্ট 'ক'।

সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন এবং সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এতে কারো কোন আপত্তি বা কোন প্রকার সংশোধন না থাকায় কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। অতঃপর, সভায় উপস্থিত বিভিন্ন সদস্য উপজেলার সমাজকল্যাণ বিষয়ক সার্বিক কল্যাণের বিষয়ে মূল্যবান বক্তব্য রাখেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

নং	আলোচনা	প্রস্তাব	বাস্তবায়নে
১.	বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও দলিত, হরিজন এবং বেদে ভাতা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	সংশ্লিষ্ট ভাতাবোগীদের এনআইডি এবং জন্ম নিবন্ধন নম্বর সহ ডাটাবেইজ করনের জন্য সকল প্রকার ভাতা বহি উপজেলা সমাজসেবা কার্যালয়ে নিয়ে আসতে হবে। সে জন্য ইফনিয়ন পরিষদের চেয়ারম্যানদের ও মেম্বারদের সহযোগীতা চাওয়া হয় এবং সকল বহি তাদের মাধ্যমে সংগ্রহ করার জন্য প্রস্তাব করা হয়।	সদস্য-সচিব মাসিক সমন্বয় সভায় উপস্থাপন এবং ইউপি চেয়ারম্যানবৃন্দ।
২.	প্রতিবন্ধীতা সনাক্ত করণ বিষয়ে সভায় আলোচনা হয়।	জরিপটি একটি চলমান প্রক্রিয়া অত্র উপজেলায় সকল প্রতিবন্ধীদের জরিপ এবং ডাটা এন্টির কাজটি সফল ভাবে সমাপ্ত হয়েছে। এরপরও যদি কোন প্রতিবন্ধী জরিপ থেকে বাদ পরে থাকেন তাকে জরিপের আওতায় আনার জন্য উপজেলা সমাজসেবা অফিস এবং ইউপি চেয়ারম্যানগণ সক্রিয় ভূমিকা নিবেন মর্মে সভায় প্রস্তাব গৃহীত হয়।	সমাজসেবা অফিস এবং সংশ্লিষ্ট কতৃপক্ষ।
৩.	সমাজকল্যাণ পরিষদ বিষয়ে সভায় আলোচনা হয়।	উপজেলা সমাজকল্যাণ পরিষদ হতে অত্র উপজেলার গরীব দুঃখী মানুষদের আবেদন সংগ্রহ পূর্বক সহযোগীতা করার সুপারিশ জাতীয় সমাজকল্যাণ পরিষদে প্রেরণের জন্য প্রস্তাব করা হয়।	সংশ্লিষ্ট কমিটি ও
৪.	বিবিধ আলোচনা।	বিবিধ আলোচনায় সদস্য-সচিব জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়ের আওতাধীন গণমিলনায়তন কেন্দ্র ভবনগুলোর অবস্থা ভাল নয়, একটু বৃষ্টি হলেই ছাউনির ভাংগা টিন ভেদ করে পানি মেঝেতে চলে আসে এবং অফিস ব্যাবহারের	সদস্য-সচিব উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় উপস্থাপন

	অযোগ্য হয়ে পরে। অতি শীঘ্র সংস্কার করানো না গেলে ভবনটি পরিত্যক্ত ঘোষণা করা জরুরী হয়ে পরবে। এমতাবস্থায় উপজেলা পরিষদের কোন তহবিল থেকে কিছু বরাদ্দ প্রদান করে জরুরী ভিত্তিতে ভবনগুলোর কিছু অংশ সংস্কারের ব্যাবস্থা করা প্রয়োজন।	করবেন।
--	---	--------

উপজেলা সমাজসেবা অফিসের সমাজকল্যাণ সম্পর্কিত কার্যক্রম সন্তোষজনক। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত রাখার জন্য সকলের সহযোগীতা কামনা করে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



 (মলিনা রানী রায়)
 ভাইস চেয়ারম্যান(মহিলা)
 ও
 সভাপতি
 উপজেলা পরিষদ,
 আগৈলঝাড়া, বরিশাল।

স্মারক নং-৪২.০২.০১০২.০০২, ১৬.১৫২.১০.৬৪

তারিখ : ২৬/০৬/২০২২খ্রি.

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ৫। অফিস কপি।


 ২৬/০৬/২০২২
 (সুশান্ত বাল্য)
 উপজেলা সমাজসেবা অফিসার
 ও
 সদস্য সচিব
 আগৈলঝাড়া, বরিশাল।
 মোবাইলনং-০১৭১১১৯০০৩৭